

Prime Minister participates at the online Summit of NAM Contact Group

May 04, 2020

প্রধানমন্ত্রী জোটনিরপেক্ষ আন্দোলনের সাথে সংস্পৃষ্ট দলগুলির অনলাইন শীর্ষসম্মেলনে অংশগ্রহণ করেছেন

মে 04,2020

চলতে থাকা COVID-19 অতিমারি সংকট নিয়ে আলোচনার জন্য, প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী 04 মে,2020 তারিখে সন্ধ্যাবেলায় আয়োজিত জোটনিরপেক্ষ আন্দোলন(NAM)-এর সাথে সংস্পৃষ্ট দলগুলির অনলাইন শীর্ষসম্মেলনে অংশগ্রহণ করেছেন।

“COVID-19 এর বিরুদ্ধে জোটবদ্ধতা” মূলভাব শীর্ষক জোটনিরপেক্ষ আন্দোলন(NAM)-এর সাথে সংস্পৃষ্ট দলগুলির অনলাইন শীর্ষসম্মেলনের আহ্বায়ক ছিলেন NAM এর বর্তমান চেয়ারম্যান আজারবাইজান প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি মহামান্য ইলহ্যাম অ্যালিয়েভ। শীর্ষসম্মেলনের উদ্দেশ্য ছিল COVID-19 অতিমারির বিরুদ্ধে লড়াই করার জন্য আন্তর্জাতিক একতাকে প্রোৎসাহিত করা এবং অতিমারির মোকাবিলায় দেশগুলি ও আন্তর্জাতিক প্রতষ্ঠানগুলির প্রচেষ্টাকে গতি প্রদান করা। শান্তির জন্য বহুপাক্ষিকতা এবং কূটনীতি-র আন্তর্জাতিক দিবসের স্বরণেও সম্মেলনটি উৎসর্গীকৃত হয়েছে।

NAM এর অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে প্রধানমন্ত্রীর অংশগ্রহণ, NAM এর আদর্শ এবং মূল্যবোধের প্রতি ভারতের দীর্ঘস্থায়ী অঙ্গীকারের উপরে রেখাপাত করেছে। তাঁর সম্বোধনে, এই সংকটে দেশের অভ্যন্তরে এবং আন্তর্জাতিক ক্ষেত্রে ভারতের গৃহীত পদক্ষেপের উপরে তিনি রেখাপাত করেছেন। তিনি তার ভাষণে এই আন্দোলনের সাথে একাত্মবোধের ক্ষেত্রে ভারতের যতদূর সম্ভব সহযোগিতার কথা উল্লেখ করে বিশ্বের একাত্মবোধ, সমন্বয়ী এবং সমানুপাতিক দায়িত্বপালনের উপরে জোরারোপ করেছেন।

এশিয়া, আফ্রিকা, লাতিন আমেরিকা ও ক্যারিবিয়ান, এবং ইউরোপ সহ 30 টি অন্যান্য দেশ এবং সরকারের প্রধানরা প্রধানমন্ত্রী মোদীর সাথে অংশগ্রহণ করেছেন। রাষ্ট্রপুঞ্জের জেনারেল অ্যাসেম্বলির সভাপতি অধ্যাপক তিজ্জানি মুহম্মেদ বন্দে, রাষ্ট্রপুঞ্জের সেক্রেটারি জেনারেল শ্রী অ্যান্টনিও গুটেরেস, আফ্রিকান ইউনিয়নের চেয়ারপার্সন মুসা ফাকি মহমত, ইউরোপিয় সংঘের উচ্চ প্রতিনিধি জোসেফ বোরেল এবং তৎসহ বিশ্ব স্বাস্থ্য সংস্থার মহা নির্দেশক ড. টেড্রোস ঘেরেসাস এই শীর্ষসম্মেলনে বক্তব্য পেশ করেছেন।

NAM এর নেতৃত্ববৃন্দ সার্বিকভাবে COVID-19 এর প্রভাবের মূল্যায়ন করেছেন, সম্ভাব্য প্রতিকারের জন্য প্রয়োজনীয় পদক্ষেপগুলিকে সনাক্ত করেছেন এবং সক্রিয়ভাবে সেই পদ্ধতিগুলির অনুসরণ করার আবেদন করেছেন। এই শীর্ষসম্মেলনের পরে, COVID-19 -এর বিরুদ্ধে লড়াই করার জন্য আন্তর্জাতিক একাত্মতার গুরুত্বের উপরে রেখাপাত করে প্রস্তাব গ্রহণ করেছেন। নেতৃত্ববৃন্দ COVID-19 -এর বিরুদ্ধে লড়াই করার জন্য নিজেদের প্রাথমিক চিকিৎসা, সামাজিক এবং মানবিক প্রয়োজনগুলিকে প্রদর্শিত করে একটি সার্বিক ডেটাবেসের মাধ্যমে সদস্য রাজ্যগুলির প্রয়োজনীয় এবং অত্যাবশ্যক বিষয়গুলির সাথে পরিচয় করানোর জন্য একটি 'টাস্ক ফোর্স' গঠনের ঘোষণা করেছেন।

নিউ দিল্লি

মে 4, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.